



নোবিপ্রবি/জনপ্রকা/থেস বিজ্ঞপ্তি/২০২৪/১৭৭৪

০৮ ফেব্রুয়ারি ২০২৪

### সংবাদ বিজ্ঞপ্তি

## নোবিপ্রবিতে আইডি কার্ড জেনারেশন সফটওয়্যারের উদ্বোধন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের জন্য 'NSTU ID Card Express' নামক অটোমেটেড আইডি কার্ড জেনারেশন সফটওয়্যারের উদ্বোধন করেছেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. দিদার-উল-আলম। বৃহস্পতিবার (০৮ ফেব্রুয়ারি ২০২৪) বিশ্ববিদ্যালয়ের সাইবার সেন্টার আয়োজিত এক অনুষ্ঠানে মাননীয় উপাচার্য অনুষ্ঠানিকভাবে এর উদ্বোধন করেন।

সাইবার সেন্টার পরিচালক জনাব এ আর এম মাহমুদুল হাসান রানার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, প্রকৌশল ও প্রযুক্তি অনুদের ডিন অধ্যাপক ড. মো. আশিকুর রহমান খান, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আতিকুর রহমান ভূঁঝা, ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন অধ্যাপক ড. এস. এম. মাহবুবুর রহমান ও রেজিস্ট্রার জনাব মোহাম্মদ জসীম উদ্দিন। এ সময় আরো উপস্থিত ছিলেন নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি (ভারপ্রাপ্ত) জনাব মোঃ জিয়াউর রহমান ভূঁঝা (স্মার্ট) ও সাধারণ সম্পাদক জনাব মো. ইবনে ওয়াজিদ ইসলাম ইমান। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সাইবার সেন্টারের সহকারী পরিচালক জনাব মো. ইফতেখারুল আলম ইফাত। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. দিদার-উল-আলম বলেন, বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে সাইবার সেন্টার কর্তৃক উদ্ভাবিত এই আইডি কার্ড জেনারেশন সফটওয়্যারটি একটি যুগান্তকারী পদক্ষেপ। এর মাধ্যমে সংক্ষিপ্ত সময়ের মধ্যে শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা প্রাতিষ্ঠানিক আইডি কার্ড যথা সময়ে পেয়ে যাবেন। যদিও এই সেবা পেতে পূর্বে শিক্ষার্থীদের বেগ পেতে হতো, তবে আশা করছি, এখন থেকে আর সমস্যা হবে না।

উপাচার্য আরো বলেন, ইতিমধ্যে মাননীয় প্রধানমন্ত্রী দেশের শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশের সঙ্গে তাল মিলিয়ে নোবিপ্রবি বেশকিছু পদক্ষেপ গ্রহণ করেছে। এরমধ্যে প্রণালীনযোগ্য হলো, ডি নথি সেবা বাস্তবায়ন, স্মার্ট সেমিনার লাইব্রেরি ওয়েবসাইট চালু ও আইডি কার্ড জেনারেশন সফটওয়্যার সেবার যাত্রা। এসব উদ্ভাবনে যুক্ত সকলকে অভিনন্দন ও ধন্যবাদ জানাই। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী বলেন, এই আইডি কার্ড জেনারেশন সফটওয়্যার উদ্বাবনের মাধ্যমে নোবিপ্রবি সাইবার সেন্টার তাদের সক্ষমতার পরিচয় দিয়েছে। আগে যে আইডি কার্ড আমরা সরবরাহ করতাম তাতে কোন জোরালো নিরাপত্তা ব্যবস্থা না থাকায় সহজেই তা নকল করার সুযোগ ছিল। কিন্তু সফটওয়্যারের মাধ্যমে অটোমেটেড এ আইডি কার্ড হবে নিরাপদ ও ঝুঁকিমুক্ত। এই কাজের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, মাননীয় প্রধানমন্ত্রী দেশের শেখ হাসিনা স্মার্ট বাংলাদেশ গড়ার যে প্রত্যয় নিয়ে উপাচার্য মহোদয়কে দ্বিতীয় মেয়াদে আমাদের মাঝে পাঠিয়েছেন তার উৎসাহে সাইবার সেন্টার যে যুগান্তকারী পদক্ষেপ নিয়েছে তার জন্য আনন্দিক ধন্যবাদ। এমন ক্ষুদ্র ক্ষুদ্র প্রয়াসের মাধ্যমে স্মার্ট বাংলাদেশের পথে এগিয়ে যাবে আমাদের প্রিয় নোবিপ্রবি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

উল্লেখ্য, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের আইডি কার্ড প্রদানের প্রক্রিয়াটি অদ্যাবধি ম্যানুয়েল পদ্ধতিতে সম্পাদন করা হয়। এ পদ্ধতিতে শিক্ষার্থীদের আইডি কার্ড প্রদানে প্রথম সেমিস্টার শুরু হওয়ার পর প্রায় এক সেমিস্টার সময়ের প্রয়োজন হয় বিধায় অতি সম্প্রতি এ আর এম মাহমুদুল হাসান রানা, পরিচালক (ভারপ্রাপ্ত), সাইবার সেন্টার এর সার্বিক দিকনির্দেশনায় একটি অটোমেটেড আইডি কার্ড জেনারেশন সফটওয়্যার তৈরির উদ্যোগ গ্রহণ করা হয়। এই সফটওয়্যারটি প্রস্তুতকরণের ক্ষেত্রে রন্ধন ভৌমিক, প্রোগ্রামার, সাইবার সেন্টার ডেভেলপার মোঃ ইফতেখারুল আলম ইফাত, সহকারী অধ্যাপক, আইআইটি এবং সহকারী পরিচালক, সাইবার সেন্টার, সার্বিক তথ্যগত সহায়তা প্রদান করে। উক্ত সফটওয়্যার ব্যবহার করে দ্রুততম সময়ের মধ্যে আইডি কার্ড প্রস্তুত করা সম্ভব হবে। উক্ত প্রকল্পটি নোবিপ্রবি অটোমেশন সিস্টেমের একটি অংশ।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবা ০১৭৩৩৯৯৮৮৯৮